**ঘ)** ‘ইতিহাসে তার চরম ঘৃণ্য’ এই জাতির চির-অভিশাপ’-কাকতাড়ুয়া উপন্যাসের আলোকে উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

**৯। উনিশশো একাত্তর সালের নভেম্বর মাসের মাঝামাঝি সময়ে মুক্তিযোদ্ধা আজাদের নেতৃত্বে বোমা মেরে একটি ব্রিজ ধ্বংস করে দেওয়া হয়। থানা সদর থেকে প্রায় ষাট কিলোমিটার দূরে চাচড়া গ্রাম সংলগ্ন এ ব্রিজটি উড়িয়ে দেওয়া হয়। এতে প্রায় পঁচিশজন পাকিস্তানি হানাদার মৃত্যুমুখে পতিত হয়।**

**ক)**‘কাকতাড়ুয়া’ উপন্যাসটি কোন প্রেক্ষাপটে রচিত ? ১

**খ)** ‘বানরের আবার চাঁদে যাবার সাধ’-এ কথা বলার কারণ ব্যাখ্যা কর। ২

**গ)** উদ্দীপকের ‘আজাদ’ ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধি-ব্যাখ্যা কর। ৩

**ঘ)** ‘উদ্দীপকটি কাকতাড়ুয়া উপন্যাসের সমগ্র ভাব ধারণ করে না’-এর যথার্থতা নির্ণয় কর। ৪

## ঘ-অংশ : নাটক

**১০। ঘাটের মরার সঙ্গে বিয়ে! বাবার সিদ্ধান্তকে মেনে নিতে পারে না সে। বাবা স্থিরপ্রতিজ্ঞ। বিয়ের আসরে ফোন দিয়ে পুলিশ ডেকে আনে আকাশী। মুহূর্তেই ভেস্তে যায় বিয়ের আয়োজন। নাবালিকাকে বিয়ে করতে এসে পুলিশ দেখে বুড়ো বয়সে ভোঁ দৌড় দেয় বর।**

**ক)** বাংলা সাহিত্যের আদি নিদর্শন কী ? ১

**খ)** ‘এমন মেয়ে কারও পেটে জন্মায় জানতাম না’-বুঝিয়ে বল। ২

**গ)** উদ্দীপকের সঙ্গে ‘বহিপীর’ নাটকের বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

**ঘ)** ‘ব্যক্তিত্বে তাহেরার সঙ্গে কিছুটা মিল থাকলেও সাহসিকতায় আকাশী অবিচল ও অদম্য-বহিপীর’ নাটকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**১১। টিনুর বয়স তেরো। দেখতে সুন্দরী হওয়ায় অনেকে তাকে বিয়ে করতে চায়। বিনা যৌতুকে বিয়ের প্রস্তাবে তার বাবা রাজিও হয়। কিন্তু সে বাবাকে বুঝাতে সক্ষম হয়ে যে সে ভালো করে লেখাপড়া শিখে সংসারের দায়িত্বভার নিতে পারবে। টিনুর কথায় বাবা সিদ্ধান্ত বদল করে এবং বিয়ে ভেঙে দেয়।**

**ক)** ‘বহিপীর’ নাটক কত সালে প্রথম প্রকাশিত হয় ? ১

**খ)** বহিপীর বইয়ের ভাষায় কথা বলেন কেন ? ২

**গ)** উদ্দীপকে টিনুর বিয়ে ‘বহিপীর’ নাটকের কোন দিকটিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

**ঘ)** ‘তাহেরা যদি উদ্দীপকের টিনুর পথ অবলম্বন করতো তাহলে ‘বহিপীর’ নাটকের পরিণতি অন্যরকম হতে পারতো।’ যুক্তি দাও। ৪

# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

**অনলাইন প্রাক নির্বাচনী পরীক্ষা-২০২০**

**শ্রেণি-১০ম** **বিষয় কোড: ১**

**বিষয়: বাংলা প্রথম পত্র (সৃজনশীল)**

**সময়: ২ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান: ৭**

**[ক ও খ অংশ থেকে কমপক্ষে দুইটি এবং গ ও ঘ অংশ থেকে কমপক্ষে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও]**

## ক-অংশ : গদ্য

**১। যে মোরে দিয়েছে বিষে ভরা বান/আমি দেই তারে বুকভরা গান/কাঁটা পেয়ে তাকে ফুল করি দান সারাটি জনম ভর/আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।**

**ক)** তায়েফের অবস্থান কোথায় ? ১

**খ)** ‘মানুষের একজন হইয়াও তিনি দুর্লভ’- কথাটি বুঝিয়া লেখ। ২

**গ)** উদ্দীপকে ‘মানুষ মুহম্মদ (সঃ)’ প্রবন্ধের মহানবির চরিত্রের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

**ঘ)** ‘উদ্দীপকটি মহানবি হযরত মুহম্মদ (স) এর মানবীয় গুণাবলির খন্ডচিত্র মাত্র’ বিশ্লেষণ কর। ৪

**২। দশম শ্রেণির শিক্ষার্থী শৌভিকের পত্রিকার সাহিত্যের পাতাগুলোর প্রতি আগ্রহ বেশি। মা◌ামার সাথে বই মেলায় গিয়ে অবসরকালীন বিনোদনের জন্য কয়েকটি বই কিনে দেন। মামা তাকে বলেন, জ্ঞানের ভান্ডারকে সমৃদ্ধ করতে হলে বই পড়ার বিকল্প নাই। শৌভিকের বই পড়ার আগ্রহ দেখে মামা তাকে বিশ্ব সাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমান লাইব্রেরিতে ভর্তি করে দেন।**

**ক)** সুশিক্ষিত লোক মাত্রই কী ? ১

**খ)** মনের হাসপাতাল বলতে কী বোঝায় ? ২

**গ)** উদ্দীপকের মূলভাব ‘বই পড়া’ প্রবন্ধের কোন দিকের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।৩

**ঘ)** “উদ্দীপকের মূলভাব মূলত ‘বই পড়া’ প্রবন্ধের মূলভাবের অংশবিশেষ প্রস্ফুটিত করে।” বক্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

**৩। জাহেদ সাহেব হজে যাওয়ার জন্য দোকানের সমস্ত দায়িত্বভার তার বিশ্বস্ত কর্মচারী মলিনের ওপর ছেড়ে দেন। মলিন অত্যন্ত নিষ্ঠার সাথে দোকানের সব হিসাব-নিকাশসহ দোকান পরিচালনা করে যাচ্ছে। কিন্তু পাশের দোকানের কর্মচারী রতন তাকে কুপরামর্শ দিয়ে বলে, একটু এদিক দেকি করে লাভবান হওয়ার বড় সুযোগ এখনই। এমন সুযোগ জীবনে আর নাও আসতে পারে । অল্প শিক্ষিত মলিন রতনকে বলে, আমি অভাবী কিন্তু লোভী নই। আর আমি জানি, 'লোভে পাপ, পাপে মৃত্যু'।**

**ক)** 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে সংকলিত ? ১

**খ)** 'অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি'-বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন? ২

**গ)** উদ্দীপকের রতন চরিত্রে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে-ব্যাখ্যা কর। ৩

**ঘ)** মলিন চরিত্রে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের মূল সুর প্রতিফলিত হয়েছে-উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৪। জীবনের ঘটে যাওয়া ক্ষুদ্র ক্ষুদ্র আনন্দ বেদনা নিয়ে সাহিত্যের একটি বিশেষ শাখা গড়ে ওঠে। যেখানে স্থান নেই অনাবশ্যক ভাষা, চরিত্র কিংবা ঘটনার। থাকে না কোনো তত্ত্ব ও উপদেশ। যেখানে ধরা পড়ে জীবনের খন্ডিত রূপ, যার শুরু ও শেষ হয় হঠাৎ করেই।**

**ক)** 'নীলদর্পন' কার লেখা? ১

**খ)** ট্রাজেডি বলতে কী বোঝায় ? ২

**গ)** উদ্দীপকে উল্লিখিত রচনাটি 'সাহিত্যের রূপ ও রীতি' রচনার কোন ধারাকে সমর্থন করে? ব্যাখ্যা কর। ৩

**ঘ)** 'যেখানে ধরা পড়ে জীবনের খন্ডিত রূপ'-উক্তিটি উদ্দীপক ও সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে বিচার কর। ৪

## খ-অংশ : পদ্য

**৫। নিশাদের বাড়ির চারদিকে প্রায় খোলা বিল। বর্ষাকালে এসব বিল পানিতে প্রায় টইটম্বুর থাকে। বন্যা হলৈ তা কথাই নেই। বড় বড় বন্যার সময় নিশাদের উঠানেও এক হাঁটুপানি হয়। সে পানিতে এ বাড়ি ও বাড়ি হেঁটে বেড়ানো ছিল নিলয়ের প্রিয় শখ।**

**ক)** মহি শব্দের অর্থ কী ? ১

**খ)** জগৎ কেন ধুলায় ভরপুর হয়েছিল ? ২

**গ)** উদ্দীপকটির সাথে 'জুতা-আবিষ্কার' কবিতার সম্পর্কযুক্ত ঘটনা ব্যাখ্যা কর। ৩

**ঘ)** 'সাদৃশ্য থাকলেও দুটি ঘটনার উৎস এবং পরিণতি ভিন্ন' মন্তব্যটি যাচাই কর। ৪

**৬। মোমিন সাহেব স্ত্রীর মৃত্যু উপলক্ষ্যে কাঙালি ভোজের আয়োজন করেছেন। কাঙালিদের লাইন করে বসিয়ে প্যাকেট খাবার দিয়ে বিদায় করা হয়েছে। বাড়ির ভেতরে চলছে আত্মীয় স্বজনের ভুরিভোজ। কয়েকজন বাঙালি খাবার না পেয়ে বাড়ির দরজায় খাবার চাইলে বাড়ির কেয়ারটেকার ধমক দিয়ে বের করে দেয়। এ দৃশ্য দেখে মোমিন সাহেব বলেন, ওরাই আমার আসল অতিথি, ওদের তৃপ্ত করে খাইয়ে দাও।**

**ক)** 'মানুষ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ? ১

**খ)** 'ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়।' ভিখারি কেন এ কথা বলে ? ২

**গ)** উদ্দীপকের কেয়ারটেকারের আচরণে 'মানুষ' কবিতার কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

**ঘ)** মোমিন সাহেবই 'মানুষ' কবিতার কাঙ্খিত মানুষ'-উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

**৭। (i) তোমার ধুলিতে গড়া এ দেহ আমার**
**তোমার ধুলিতে কালে মিশিরে আবার**

**(ii) সার্থক জনম আমার জন্মেছি এ দেশে।**
**সার্থক জন্ম মাগো, তোমায় ভালোবাসে**

**ক)** অভ্যাগত শব্দের অর্থ কী ? ১

**খ)** 'আমি কোন আগন্তুক নই'-কবি এ কথা বলেছেন কেন ? ২

**গ)** উদ্দীপক (i) এর যে ভাব 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় ফুঠে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

**ঘ)** উদ্দীপকে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার সম্পূর্ণ ভাব ধারণা করেছে-বিশ্লেষণ কর।৪

## গ-অংশ : উপন্যাস

**৮। শান্তির নামে অশান্তি সৃষ্টি করাই ছিল তাদের লক্ষ্য। অন্যের সম্পত্তি লুণ্ঠন,নিরীহ মানুষের ঘরবাড়ি জ্বালানোসহ বিভিন্ন প্রকার অপকর্মের মাধ্যমে তারা পৈশাচিক আনন্দ উপভোগ করেছে। ইতিহাসে তারা চরম ঘৃণ্য, এই জাতির চির অভিশাপ।**

**ক)** উপন্যাসের প্রধান উপাদান কী ? ১

**খ)** 'লোহার টুপি ওদের মগজ খেয়েছে' বলতে কী বোঝানো হয়েছে? ২

**গ)** উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের চিহ্নিত দিকটি ব্যাখ্যা কর। ৩